# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

# Annual Report 2021-2022

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

শিরোমণি, খুলনা

# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

# Annual Report 2021-2022



## বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

শিরোমণি, খুলনা

# সূচীপত্র
# CONTENTS

## কর্পোরেট তথ্য-২০২১-২০২২ (Corporate Information 2021-2022)


| নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি<br>Notice Of The 51st AGM | 03 |
| ২ | পরিচালকমন্ডলীর প্রতিবেদন<br>Directors Report | 04-09 |
| ৩ | পরিচালনা পর্ষদের গঠন<br>Composition Of The Board Of Directors | 10 |
| ৪ | গত পাঁচ বছরের উৎপাদন, বিক্রয় ও আয়-ব্যয়ের সচিত্র বিবরণ<br>Statement And Graphical Presentation For Consecutive five Years | 11-13 |
| ৫ | একনজরে গত পাঁচ বছরের অর্জন<br>Performance At A Glance | 14 |
| ৬ | বিগত পাঁচ বছরের মূলধন জাতীয় ব্যয়, বিনিয়োগ ও সরকারী কোষাগারে জমার বিবরণ<br>Statement Of Capital Expenditure, Investment And Contribution To National Ex-chequer For Consecutive Five Years | 15 |
| ৭ | ফটো গ্যালারী<br>Photo Gallary | 16 |


## আর্থিক কর্মকান্ড (Financial Activities)


| নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ৮ | নিরীক্ষকদের প্রতিবেদন<br>Auditors Report | 17-19 |
| ৯ | আর্থিক অবস্থার বিবরণী<br>Statement of Financial Position | 20 |
| ১০ | আয়-ব্যয় বিবরণী<br>Statement of Profit or Loss and Other Comprehensive Income | 21 |
| ১১ | নগদ প্রবাহ বিবরনী<br>Cash Flow Statement | 22 |
| ১২ | কোম্পানির অর্থনৈতিক বিশ্লেষণ<br>Financial Analysis of the Company | 23 |
| ১৩ | উপসংহার<br>Conclusion | 24 |

# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড
# BANGLADESH CABLE SHILPA LIMITED
(An Enterprise of Govt. of Bangladesh)
ISO 9001 : 2015 CERTIFIED COMPANY
Manufacturer of Telecommunication Cables (Copper & Optical Fiber), HDPE Duct & Elecrical Overhead Conductors & Cables

ডিজিটাল বাংলাদেশ DIGITAL BANGLADESH

সূত্র নং ঃ ১৪.৩৭.০০০০.১০৪.০০৬.০০১.২২.৭৬ তারিখ ঃ ২৭-১১-২০২২ খ্রিঃ।

***বিষয় ঃ বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা এর ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি।***

আদিষ্ট হয়ে বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা এর শেয়ারহোল্ডারদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, অত্র শিল্প প্রতিষ্ঠানের ৫১তম বার্ষিক সাধারণ সভা আগামী ১১ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১১:৩০ ঘটিকায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর সভাকক্ষে ***(৫ম তলা, ভবন নং-৭, কক্ষ নং- ৪০৭/এ)*** অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নে বর্ণনা করা হলো।

***আলোচ্যসূচী ঃ***

১। ১২ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত বাকেশির ৫০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২। ২০২১-২০২২ অর্থ-বছরের কোম্পানীর পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা, গ্রহণ ও অনুমোদন।
৩। ২০২১-২০২২ অর্থ-বছরের কোম্পানীর নিরীক্ষকবৃন্দের প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও কর্তৃপক্ষের প্রতিবেদন বিবেচনা, গ্রহণ ও অনুমোদন।
৪। কোম্পানির স্মারকলিপি অনুযায়ী পরিচালকমন্ডলীর নির্বাচন।
৫। ২০২২-২০২৩ অর্থ-বছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।
৬। বাকেশি'র ২০২১-২০২২ অর্থ বছরের লভ্যাংশ ঘোষণা সংক্রান্ত।
৭। সভাপতির অনুমতি সাপেক্ষে অন্য যে কেন বিষয়ে আলোচনা।

উক্ত সভায় সকল শেয়ারহোল্ডারবৃন্দকে সদয় অংশ গ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানানো হলো।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

২৭/১১/২২

তারিখ-২৭ নভেম্বর ২০২২, খুলনা। (মোঃ আরিফুর রহমান)
কোম্পানি সচিব

***বিতরণ ঃ***

***১। বাংলাদেশ সরকারের পক্ষে ঃ***

ক) জনাব মোঃ খলিলুর রহমান, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, বাকেশি লিঃ ।
খ) জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী, কমিশনার, খুলনা বিভাগ, খুলনা এবং পরিচালক, বাকেশি লিঃ।
গ) জনাব রাশিদা ফেরদৌস, এনডিসি, যুগ্মসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং পরিচালক, বাকেশি লিঃ।
ঘ) ড. মোঃ রফিকুল মতিন, ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল এবং পরিচালক, বাকেশি লিঃ।
ঙ) জনাব মোঃ মুসলেহ উদ্দিন, যুগ্মসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং পরিচালক, বাকেশি লিঃ।
চ) জনাব মোঃ নাসির উদ্দিন তরফদার, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ এবং পরিচালক, বাকেশি লিঃ।
ছ) ড. মোঃ ফেরদৌস আলম, যুগ্ম সচিব (উপ-অর্থনৈতিক উপদেষ্টা), অর্থ বিভাগ এবং পরিচালক, বাকেশি লিঃ।
জ) জনাব সিদ্ধার্থ বড়ুয়া এফসিএ, ভাইস-প্রেসিডেন্ট ও কাউন্সিল মেম্বার, ইন্সটিটিউট অফ চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) এবং পরিচালক, বাকেশি লিঃ ।
ঝ) জনাব জগদীশ চন্দ্র মন্ডল, ব্যবস্থাপনা পরিচালক, বাকেশি, খুলনা এবং পরিচালক, বাকেশি লিঃ।
২। মেসার্স ম্যাব্স এন্ড জে পার্টনারস, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস, বনানী, ঢাকা।

**Head Office**
Address : Shiromoni Industrial Area, P.O.- Sonali Jute Mills, Khulna-9206, Bangladesh.
Phone : 0088-041-785299, 785600, 785085, 785150, 785750, 785070, PABX- 785230
Fax : 0088-041-785375
E-mail : mdbcslkhulna@gmail.com, mktbcsl@gmail.com, dmpurbcsl702@gmail.com
Website : www.bcsl.gov.bd

**Liaison Office**
Address: Nilkhet Telephone Exchange Bhaban (1st floor), Nilkhet, Dhaka-1205
Phone : 0088-02-9615501
Fax : 0088-02-41060042

# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

## বাকেশি'র ২০২১-২০২২ অর্থ-বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন

**প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,**

আস্‌সালামু আলাইকুম। কোম্পানির ৫১তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। একইসাথে ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত ২০২১-২২ অর্থ-বছরের বার্ষিক বিবরণী আপনাদের সামনে উপস্থাপন করতে পেরে আমরা সম্মানিত বোধ করছি। নিম্নে সংক্ষিপ্ত আকারে বাকেশির সার্বিক পরিচিতিসহ ২০২১-২২ অর্থ-বছরের ও বর্তমান সময়ের সার্বিক কার্যক্রম উপস্থাপন করা হলো।

### ০১. সংক্ষিপ্ত পরিচিতি ঃ

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে একটি শিল্প প্রতিষ্ঠান। ১৯৬৭ সালের তৎকালীন পাকিস্তান সরকার এবং পশ্চিম জার্মানীর মেসার্স সিমেন্স এ.জি-এর যৌথ উদ্যোগে এই প্রতিষ্ঠানটি খুলনায় স্থাপিত হয়। ১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাণিজ্যিকভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন করে দেশের ১০০% চাহিদা পূরণ করে আসছে।

বর্তমান মোবাইল, ইন্টারনেট ও তথ্য প্রযুক্তির যুগে বিশ্বের সাথে সমন্বয় রেখে এবং অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর ক্রমবর্ধমান ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে অত্র প্রতিষ্ঠানে একটি অত্যাধুনিক প্রযুক্তির অপটিক্যাল ফাইবার ক্যাবল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপন করা হয় যা বিগত জুলাই-২০১১ থেকে বাণিজ্যিকভাবে অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন করছে। এছাড়াও অপটিক্যাল ফাইবার ক্যাবল Laying এর জন্য প্রয়োজনীয় এইচডিপি সিলিকন কোর ডাক্ট তৈরির মেশিন স্থাপন করা হয়েছে এবং অক্টোবর ২০১৬ থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু হয়েছে। এছাড়া উৎপাদন বহুমূখীকরণের অংশ হিসেবে ২০২০ সালে বাকেশিতে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইন্সুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন করা হয়েছে এবং বর্তমানে বাণিজ্যিকভাবে উৎপাদন ও সরবরাহের জন্য বিভিন্ন বিদ্যুৎ বিতরণ কোম্পানির সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ইতিমধ্যে NESCO, DESCO, DPDC, REB ও PGCB হতে ক্রয়াদেশ পাওয়া গেছে যা সরবরাহ করা হচ্ছে।

| | | |
|---|---|---|
| ১.১ প্রতিষ্ঠানের ধরণ | ঃ | পাবলিক লিমিটেড কোম্পানি। |
| ১.২ ভিত্তিপ্রস্তর স্থাপন | ঃ | ৮ মে, ১৯৬৭ খ্রিঃ। |
| ১.৩ পরীক্ষামূলক উৎপাদন | ঃ | ১৯৭০ খ্রিঃ। |
| ১.৪ বাণিজ্যিক উৎপাদন | ঃ | ১০ ফেব্রুয়ারী, ১৯৭২ খ্রিঃ। |
| ১.৫ বার্ষিক উৎপাদন ক্ষমতা | ঃ<br><br><br><br>ঃ | <u>অপটিক্যাল ফাইবার ক্যাবল ঃ</u><br>স্থাপিত ক্ষমতা ঃ ৪,০০,০০০ ফাইবার কিলোমিটার / ১৪,০০০ কিঃমিঃ।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ৩,৭৫,০০০ ফাইবার কিঃমিঃ / ১২,০০০ কিঃমিঃ।<br><u>টেলিফোন কপার ক্যাবল ঃ</u><br>স্থাপিত ক্ষমতা ঃ ১.০০ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতা ঃ ০.৮০ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।<br><u>এইচডিপিই সিলিকন ডাক্ট ঃ</u><br>স্থাপিত ক্ষমতা ঃ ৮,০০০ কিলোমিটার।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতা ঃ ৬,৬০০ কিলোমিটার।<br><u>বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ঃ</u><br>স্থাপিত ক্ষমতা ঃ ৯০০ মেট্রিক টন / ১৫০০ কিঃমিঃ।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতা ঃ ৮০০ মেট্রিক টন / ১৩০০ কিঃমিঃ। |

| | | |
|---|---|---|
| ১.৬ প্রোডাক্ট রেঞ্জ | ঃ | **অপটিক্যাল ফাইবার ক্যাবল ঃ**<br>ক) ২ হতে ১২ ফাইবার ইউনিটিউব (আর্মার্ড ও নন-আর্মার্ড) ক্যাবল।<br>খ) ১২ হতে ২১৬ ফাইবার লুজটিউব স্ট্রান্ডেড (আর্মার্ড ও নন-আর্মার্ড) ক্যাবল।<br>গ) এরিয়াল (আর্মার্ড ও নন-আর্মাড) ক্যাবল। |
| | ঃ | **টেলিফোন কপার ক্যাবল ঃ**<br>ক) ২ হতে ২৪০০ জোড়া পর্যন্ত (আর্মার্ড ও নন-আর্মার্ড) ক্যাবল।<br>**এইচডিপিই সিলিকন ডাক্ট ঃ**<br>ক) ৩২/২৬মিমি, ৩৪/২৮ মিমি, ৪০/৩৩ মিমি, ৫০/৪২ মিমি ও ৬৩/৫২ মিমি ব্যাসের ডাক্ট।<br>**বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ঃ**<br>AAC, AAC-INS, ACSR, MHD Copper, Service Drop Cable. |

| | | |
|---|---|---|
| ১.৭ শেয়ার ব্যবস্থা | ঃ | (ক) অনুমোদিত মূলধন ২০,০০০ লক্ষ টাকা।<br>(খ) ইস্যুকৃত মূলধন ৪,৮১৫.৮৬ লক্ষ টাকা।<br>(গ) মোট অনুমোদিত শেয়ার সংখ্যা ২০,০০,০০,০০০টি।<br>(সাধারণ- ২০,০০,০০,০০০ + অগ্রাধিকার- ০)<br>(ঘ) ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৪,৮১,৫৮,৫৯৮টি।<br>(সাধারণ-৪,৮১,৫৮,৫৯৮+ অগ্রাধিকার-০)<br>(ঙ) প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা। |

## ০২. বাকেশি পরিচালনা পর্ষদ ঃ

চেয়ারম্যান ঃ সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

পরিচালকবৃন্দ ঃ (১) বিভাগীয় কমিশনার, খুলনা
(২) যুগ্ম সচিব (কোম্পানি), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
(৩) যুগ্ম সচিব (পরিকল্পনা), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
(৪) যুগ্ম সচিব, বিদ্যুৎ বিভাগ
(৫) ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল
(৬) যুগ্ম সচিব, অর্থ বিভাগ
(৭) কাউন্সিল মেম্বার, আইসিএবি, ঢাকা
(৮) ব্যবস্থাপনা পরিচালক, বাকেশি, খুলনা।

## ০৩. বাকেশি'র ভিশন ও মিশন ঃ

**ভিশন ঃ** স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নে সহায়ক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**মিশন ঃ** অপটিক্যাল ফাইবার ক্যাবল প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধিকরণসহ ক্যাবল লেইং-এর কাজে অপরিহার্য ডাক্ট পাইপ তৈরি করে ক্রেতাকে যথাসময়ে সরবরাহ করা এবং আমদানি নির্ভরতা কমিয়ে দেশের অর্থনীতিতে অবদান রাখা। দেশে ক্রমবর্ধমান চাহিদার ভিত্তিতে বাকেশিতে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর এবং ক্যাবল উৎপাদনসহ কর্মসংস্থান সৃষ্টি ও ব্যবসায়িক পরিসর সম্প্রসারণ করে বেকারত্ব দূরীকরণ ও প্রাতিষ্ঠানিক কর্মকান্ড সুদৃঢ়করণের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গড়তে সহায়ক ভূমিকা পালন করা।

## ০৪. বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গঠনে অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরীতে বাংলাদেশ ক্যাবল শিল্পের ভূমিকা ঃ

বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান বিশ্বের তথ্যপ্রযুক্তির অভূতপূর্ব উন্নয়নের সাথে সমন্বয় সাধন করে দেশীয় টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি সম্প্রসারণ ও উন্নয়নের গুরুত্ব অপরিহার্য থাকায় বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড স্বাধীনতার পর থেকে দেশের টেলিযোগাযোগ অবকাঠামো স্থাপনে যাবতীয় টেলিফোন কপার ক্যাবলের চাহিদা ১০০% পূরণের পাশাপাশি বর্তমান সরকারের পৃষ্ঠপোষকতায় দ্রুতগতি ও উচ্চক্ষমতা সম্পন্ন ইনফরমেশন সুপার হাইওয়ের মূল মাধ্যম -"অপটিক্যাল ফাইবার ক্যাবল" বাণিজ্যিকভাবে জুলাই, ২০১১ থেকে উৎপাদন করে আসছে।

দ্রুতগতির এবং উচ্চক্ষমতাসম্পন্ন এই অপটিক্যাল ফাইবার ক্যাবল দিয়ে Internet-এর মাধ্যমে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি তথ্য-সেবা যথা e-governance, e-education, e-commerce, e-health, e-agriculture, e-media ইত্যাদি জনগণের দোরগোড়ায় পৌঁছানোসহ প্রত্যন্ত অঞ্চল থেকে বহিঃবিশ্বের সঙ্গে যোগাযোগ অবাধ, সহজ ও দ্রুত হচ্ছে।

## ০৫. অপটিক্যাল ফাইবার ক্যাবল বাজারজাত করণে বাংলাদেশ ক্যাবল শিল্পের ভূমিকা ঃ

দেশীয় বাজার বিশ্লেষণে দেখা গেছে, বর্তমানে বছরে ১৫,০০০ থেকে ২০,০০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল প্রয়োজন হয়। তাই চাহিদা পূরণের নিমিত্ত প্লান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য ২০১৬-২০১৭ অর্থ বছরে একটি নতুন Sheathing Line Machine ও একটি নতুন Secondary Coating Line মেশিন এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে আরও একটি নতুন SZ Stranding Line Machine এবং ২০২০-২০২১ অর্থ বছরে আধুনিক উচ্চ ক্ষমতা সম্পন্ন একটি Sheathing Line Machine ও HDPE Silicon Core Duct Machine স্থাপন করায় অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ডাক্ট উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এছাড়া স্বল্প মূল্যে ইন্টারনেট সেবা ভোক্তার নিকট পৌঁছানোর নিমিত্ত Fiber To The Home (FTTH) Gi Drop fiber cable উৎপাদনের জন্য একটি মেশিন স্থাপন করে উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে।

অত্র প্রতিষ্ঠানে আন্তর্জাতিক মান সম্পন্ন অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন হওয়ায় দেশীয় শিল্পের প্রতি গুরুত্ব দিয়ে বেশ কয়েকজন আমদানীকারক (যেমনঃ সামিট কমুনিকেশন্স লিঃ, এসএসবি ট্রেডিং, শ্যামা ফোর, হামিদা ট্রেডার্স, বাহন লিমিটেড, মেসার্স ফাইবার এট হোম, ভিশন টেকনোলজী, মেসার্স শাহিন এন্টারপ্রাইজসহ অন্যান্য প্রতিষ্ঠান) বাংলাদেশ ক্যাবল শিল্প থেকে ক্যাবল ক্রয় করছে।

বিটিসিএল এর "দেশের সকল কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনস্টিটিউটে ওএফসি স্থাপন প্রকল্প" থেকে ৪ কোর ও ১২ কোরের ১,৬৭০ কিঃমিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবলের ক্রয়াদেশের বিপরীতে সম্পূর্ণ মালামাল সরবরাহ করা হয়েছে যার মূল্য ভ্যাটসহ ৬.৮৮৭ কোটি টাকা। বর্তমানে বিটিসিএল এর MOTN প্রকল্পের জন্য প্রায় ৩৩ (তেত্রিশ) কোটি টাকা মূল্যের ২,২৪,৪৮,৭২,৯৪,১৪৪ কোরের ৩৭০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল এবং প্রায় ১৮(আঠারো) কোটি টাকা মূল্যের ডাক্ট এর ক্রয়াদেশ পাওয়া গেছে যা বর্তমানে উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে। এছাড়া বিটিসিএল এর হাওড় বাঁওড় ও দূরবর্তী এলাকার সুবিধা বঞ্চিত মানুষের জন্য টেলিযোগাযোগ সুবিধা (ব্রডব্যান্ড ওয়াইফাই সম্প্রসারণ প্রকল্প) এর আওতায় ৪,৮,১২,২৪ কোরের অপটিকাল ফাইবার ক্যাবল সরবরাহের জন্য ক্রয়াদেশ পাওয়া গেছে যার মূল্য প্রায় ৩৬ কোটি টাকা। এছাড়া বিটিসিএল এর জিপি নেটওয়ার্ক এবং সংগ্রহ এর আওতায় প্রায় ৯.৫ কোটি টাকা মূল্যের ২,৫০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহের কাজ চলমান রয়েছে।

বাহন লিমিটেড, ঢাকা থেকে প্রায় ১৮ কোটি টাকা মূল্যের বিভিন্ন কোরের ২২৫০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল এর ক্রয়াদেশ পাওয়া গেছে যা বর্তমানে উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে।

আইসিটি বিভাগ কর্তৃক "দূর্গম এলাকায় তথ্য-প্রযুক্তি নেটওয়ার্ক স্থাপন (কানেক্টেড বাংলাদেশ)" প্রকল্পে "দূর্গম এলাকায় ৭৭২টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করার জন্য ২০১৯-২০২০ অর্থ বছরে ১৬১.২৩ কোটি টাকা মূল্যের ৮,১০৬ কিঃমিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবল এবং ৫,০০০ কিলোমিটার ডাক্ট এর ক্রয়াদেশ পাওয়া গিয়েছিল। ইতোমধ্যে প্রায় ৮০% ক্যাবল ও ডাক্ট উৎপাদন করা হয়েছে যা চাহিদা মোতাবেক সরবরাহ করা হচ্ছে।

অপটিক্যাল ফাইবার ক্যাবল বাজারজাতকরণ আরও গতিশীল করতে ইতোমধ্যে দেশীয় ব্যবহারকারীদের সাথে সার্বক্ষণিক যোগ-াযোগ অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় মেসার্স খুলনা ভিশনসহ ও অন্যান্য আই.এস.পি-র চাহিদার ভিত্তিতে ৪,৬,১২ কোরের ক্যাবল সরবরাহ করা হচ্ছে।

বাংলাদেশ ক্যাবল শিল্পে অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরীর ব্যাপারে বর্তমান সরকারের এই যুগান্তকারী পদক্ষেপের ফলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের ক্ষেত্রে দ্রুতগতির ও উচ্চক্ষমতার অপটিক্যাল ফাইবারের নেটওয়ার্ক ব্যাকবোন তৈরীতে অগ্রণী ভূমিকা পালনের পাশাপাশি প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে।

## ০৬. কার্যক্রম ঃ

ক) ২০২১-২০২২ অর্থ বছরে ২৭,৯৪৮ কন্ডাক্টর কিলোমিটার (১,৭৬৪ কিলোমিটার) কপার ক্যাবল; ১,৬৪,৬৩০ ফাইবার কিলোমিটার (৯,২২১ কিলোমিটার) অপটিক্যাল ফাইবার ক্যাবল, ১,১৭৫ কিলোমিটার ডাক্ট এবং ৫৭১.৩৫ কিলোমিটার বৈদ্যুতিক ক্যাবল উৎপাদন করা সম্ভব হয়েছে। পক্ষান্তরে ২০২০-২১ অর্থ বছরে ২৮,৯০৮ কন্ডাক্টর কিলোমিটার (৭৯৬ কিলোমিটার) কপার ক্যাবল এবং ১,৭৯,২৫৬ ফাইবার কিলোমিটার (৬,৪১৬ কিলোমিটার) অপটিক্যাল ফাইবার ক্যাবল, ৩,৫৩০ কিলোমিটার ডাক্ট এবং ২৩.৪১ কিলোমিটার বৈদ্যুতিক ক্যাবল উৎপাদিত হয়েছিল। ২০২১-২০২২ অর্থ বছরে কপার ক্যাবল ও অপটিক্যাল ফাইবার ক্যাবলের Lower Core/সাইজের অর্ডার পাওয়ায় কন্ডাক্টর ও ফাইবার কিলোমিটার হিসেবে উৎপাদন কম হলেও কিলোমিটার হিসেবে উৎপাদন বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর অধীন কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের জন্য গত অর্থবছরে ডাক্ট এর উৎপাদন বেশি হয়েছিল আবার বিটিসিএল এবং বাহন লিমিটেড এর অর্ডার পাওয়ায় ২০২২-২০২৩ অর্থ বছরে ডাক্ট এর উৎপান বৃদ্ধি পাবে। এছাড়া NESCO, DESCO, DPDC, REB ও PGCB হতে ক্রয়াদেশ পাওয়ায় ২০২১-২০২২ অর্থ বছরে বৈদ্যুতিক ক্যাবলের উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

খ) ২০২২-২৩ অর্থ বছরে যথাক্রমে ৩০,২৫০ কন্ডাক্টর কিলোমিটার কপার ক্যাবল, ৮,০০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল, ২,২০০ কিলোমিটার ডাক্ট এবং ১,৬০০ কিলোমিটার বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন লক্ষমাত্রা ধরা হয়েছে। চলতি অর্থ বছরে জুলাই'২২ থেকে নভেম্বর'২২ পর্যন্ত ২১,৩৪৭ কন্ডাক্টর কন্ডাক্টর কিলোমিটার কপার ক্যাবল, ৬,৮০৯ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল, ২,০৩৪ কিলোমিটার ডাক্ট এবং ৬২৭ কিলোমিটার বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল উৎপাদন করা হয়েছে।

## ০৭. হিসাব ঃ

৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব, আয়-ব্যয় হিসাব, উদ্বৃত্তপত্র এবং নিরীক্ষকের প্রতিবেদন দাখিলের পূর্বে বাকেশি পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ সন্তুষ্টি প্রকাশ করেছেন। গত ২০২০-২১ অর্থ বছরে ৫০,০৯২ সিকেএম কপার ক্যাবল, ৫,৮৪৮ কিলোমিটার (১,২৭,২৫০ এফকেএম) ওএফসি, ২,৮৩৮ কিলোমিটার ডাক্ট এবং ২৩.৪১ কিলোমিটার বৈদ্যুতিক ক্যাবল বিক্রয় করা হয়েছে যার মোট মূল্য ছিল ৭৯.৪৪ কোটি টাকা। এছাড়া অপরিচালন মুনাফা হয়েছিল ১৮.৬১ কোটি টাকা। করবাদে মুনাফার পরিমাণ ছিল ২০.৯৩ কোটি টাকা। পক্ষান্তরে আলোচ্য বছরে অর্থাৎ ২০২১-২০২২ অর্থবছরে ২৮,৪৫০ সিকেএম কপার ক্যাবল, ১০,৩৬২ কিলোমিটার (২,২০,৫৮৯ এফকেএম) ওএফসি, ২,৫১০ কিলোমিটার ডাক্ট এবং ৫৭১.৩৫ কিলোমিটার বৈদ্যুতিক ক্যাবল বিক্রয় করা হয়েছে যার মূল্য সর্বমোট ১০৩.৬১ কোটি টাকা। এছাড়া ১৯.২৯ কোটি টাকা অপরিচা-লন মুনাফা অর্জিত হয়েছে এবং কর বাদে মুনাফার লক্ষ্যমাত্রা ২৪.১১ কোটি টাকার বিপরীতে ২৫.৭৯ কোটি টাকা অর্জিত হয়েছে।

## ০৭. সরকারি কোষাগারে (Govt. Exchequer) জমা প্রদান ঃ

বাকেশি কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে কাষ্টমস ডিউটি, আয়কর, ভ্যাট, সরকারের লভ্যাংশ ইত্যাদি বাবদ সর্বমোট ৩৩.৩০ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়া বিগত ৫ (পাঁচ) বছরে মোট ১২৬.০৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

## ০৮. পরিচালকগণের পরিবর্তন ঃ

২০২১-২২ অর্থ বছরে পরিচালকগণের নিম্নরূপ পরিবর্তন ঘটেছে ঃ

১) জনাব মোঃ আফজাল হোসেন, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর স্থলাভিষিক্ত হিসেবে জনাব মোঃ খলিলুর রহমান, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ যোগদান করেন।

২) জনাব মোঃ এখলাছুর রহমান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ এর স্থলাভিষিক্ত হিসেবে জনাব ফাতেমা রহিম ভীনা, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ যোগদান করেন।

৩) জনাব মোঃ শাহাদাত হোসেন, অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর স্থলাভিষিক্ত হিসেবে জনাব রাশিদা ফেরদৌস, এনডিসি, যুগ্মসচিব (কোম্পানি), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ যোগদান করেন।

## ৯. বিগত পাঁচ বছরের আয়-ব্যয়ের হিসাব (লক্ষ টাকায়) ঃ

| ক্রমিক নং | অর্থ বৎসর | মোট আয় | মোট ব্যয় | নীট লাভ (কর বাদে) |
|---|---|---|---|---|
| ১ | ২০১৭-২০১৮ | ৮,৭৫৪.১২ | ৭,০২৯.৭৯ | ১,৭২৪.৩৩ |
| ২ | ২০১৮-২০১৯ | ৬,৩৫১.১৭ | ৫,০৭৪.৭৬ | ১,২৭৬.৪১ |
| ৩ | ২০১৯-২০২০ | ৮,০১৩.২৮ | ৬,০৫৫.২৮ | ১,৯৫৮.০০ |
| ৪ | ২০২০-২০২১ | ৯,৮০৫.৮৮ | ৭,৭১৩.১৬ | ২,০৯২.৭২ |
| ৫ | ২০২১-২০২২ | ১২,২৯০.২৯ | ৯,৭১১.১১ | ২,৫৭৯.১৮ |

## ১০. বাংলাদেশ ক্যাবল শিল্পের নীট সম্পদ সম্পর্কিত তথ্য (লক্ষ টাকায়) ঃ

| ক্রমিক নং | বিবরণ | ২০২১-২২ | ২০২০-২১ | ২০১৯-২০ | ২০১৮-১৯ | ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|
| ১ | নীট সম্পদ | ৩২,১১১.১১ | ২৯,৮৬৯.০৮ | ২৮,০৬৫.৩১ | ২৬,৩৪২.৪১ | ২৫,১৬৪.৬৫ |

## ১১. লোকবল ও কর্মসংস্থান ঃ

| ক্রমিক নং | পদ | অনুমোদিত পদ | কর্মরত | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ১ | কর্মকর্তা | ৬৩ | ৩৮ | ২৫ |
| ২ | শ্রমিক/কর্মচারী | ৩৬৬ | ২৫১ | ১১৫ |
| | | | (আউটসোর্সিং-৭৫ জন, দৈনিক ভিত্তিতে ২ জন সহ) | |
| ৩ | মোট | ৪২৯ | ২৮৯ | ১৪০ |

জনবলের স্বল্পতা দূরীকরণের জন্য ২০২১-২০২২ অর্থবছরে শূন্য পদের বিপরীতে আরও ৩ জন কর্মকর্তা ও ২৭ জন কর্মচারীসহ মোট ৩০জন নিয়োগ পেয়েছেন। চলতি অর্থবছরে ৪ (চার) জন কর্মকর্তা ও ১৩ (তেরো)জন কর্মচারী নিয়োগের কার্যক্রম চলছে। এ নিয়োগ দেশের বেকারত্ব নিরসনে সরকারের সাফল্য হিসেবে প্রতীয়মান।

## ১২. বর্তমান কর্মকান্ড ঃ

### ১২.১ ক্যাবল সরবরাহ ঃ

১. বিটিসিএল-এর অধীন প্রকল্পসমূহসহ বিভিন্ন এলাকায় রক্ষণাবেক্ষণ ও উন্নয়ণে টেলিফোন কপার ক্যাবল, অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ডাক্ট সরবরাহ।

২. বাংলাদেশ রেলওয়ের প্রয়োজনীয় অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ডাক্ট সরবরাহ।

৩. দেশীয় প্রাইভেট প্রতিষ্ঠান যথা- সামিট কমুনিকেশন্স, ফাইবার এট হোম, ফোন্স বাংলাদেশ লিমিটেড, মেসার্স শ্যামা ফোর, হামিদা ট্রেডার্স, বাহন লিমিটেড, শাহিন এন্টারপ্রাইজ, খুলনা ভিশনসহ অন্যান্য আই.এস.পি প্রতিষ্ঠানে অপটিক্যাল ফাইবার ক্যাবল সরবরাহ।

৪. বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিজিবি, টেলিটক ও সরকারি বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে অপটিক্যাল ফাইবার ক্যাবল সরবরাহ।

৫. আইসিটি বিভাগের অধিন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর প্রয়োজনীয় অপিকট্যাল ফাইবার ও ডাক্ট সরবরাহ।

## ১২.২ উৎপাদন বহুমূখীকরণ ঃ

### ১২.২.১ পাওয়ার ক্যাবল প্ল্যান্ট ঃ

উৎপাদন বহুমূখীকরণের অংশ হিসেবে বাকেশিতে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে NESCO, DESCO, DPDC, REB ও PGCB এর নিকট ১৩.১২ কোটি টাকা মূল্যের ৫৭১.৩৫ কিঃমিঃ ক্যাবল সরবরাহ করা হয়েছে। এছাড়া বর্তমান অর্থ বছরে DPDC এর নিকট ১৬.০০ কোটি টাকার ১,৩০০ কিঃমিঃ ক্যাবল সরবরাহের ক্রয়াদেশ পাওয়ায় তা উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে। এছাড়া অন্যান্য বিদ্যুৎ কোম্পানিগুলির সাথে অর্ডার প্রাপ্তির বিষয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে।

### ১২.২.২ Super Enamelled Copper Wire উৎপাদন প্ল্যান্টঃ

দেশের উন্নয়নে বিদ্যুৎ সেক্টরে অবদান রাখার জন্য এবং অত্র প্রতিষ্ঠানের ব্যবসায়িক কর্মকান্ড সম্প্রসারণের জন্য গত ০৬-০৬-২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাকেশি পরিচালনা পর্ষদের ২৪৮তম সভায় বাকেশি'তে বার্ষিক ৩০০ মেট্রিক টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন Super Enamelled Copper Wire উৎপাদন প্ল্যান্ট স্থাপনের প্রকল্প অনুমোদিত হয় যার প্রাক্কলিত মূল্য ছিল ২১ কোটি টাকা। বর্তমানে উক্ত প্ল্যান্ট স্থাপনের নিমিত্ত কারখানাভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উক্ত প্ল্যান্টের প্রয়োজনীয় মেশিন ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের জন্য আহ্বানকৃত আন্তর্জাতিক টেন্ডারের দরপত্রগুলি মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট কমিটির নিকট রয়েছে।

## ১৩. ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা ঃ

বর্তমান সরকারের প্রতিশ্রুতি মোতাবেক উপরোক্ত যুগান্তকারী পদক্ষেপের পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গঠনের সহায়ক হিসেবে উৎপাদন বহুমূখীকরণের জন্য পরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ ক্যাবল শিল্পে নিম্নলিখিত প্ল্যান্ট স্থাপনের কাজ প্রক্রিয়াধীন।

১। ভূ-গর্ভস্থ পাওয়ার ক্যাবল উৎপাদনের মেশিনারীজ স্থাপন।

২। HDD Pipe ও Micro Duct উৎপাদনের প্ল্যান্ট স্থাপন।

সর্বোপরি, দেশীয় শিল্পকে বাঁচিয়ে রাখতে বর্তমান সরকার-এর অঙ্গিকার হিসেবে বাংলাদেশ ক্যাবল শিল্পের উৎপাদন বহুমূখীকরণের জন্য এ ধরণের উদ্যোগ সফল হলে এই প্রতিষ্ঠান দীর্ঘদিন লাভজনকভাবে টিকে থাকবে এবং ফলশ্রুতিতে জাতীয় অবদানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হবে।

## ১৪. কৃতজ্ঞতা ঃ

বাকেশি পরিচালনার ক্ষেত্রে আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য আমি অত্র প্রতিষ্ঠানের সম্মানিত পরিচালকবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি। আরও ধন্যবাদ জানাচ্ছি বাকেশি'র সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে। এই সাফল্যের ধারা অব্যাহত রাখার জন্য আমরা বাকেশি'র সম্মানিত ক্রেতা ও শুভানুধ্যায়ীদের ধন্যবাদ জানাচ্ছি যাদের অব্যাহত সমর্থনের মাধ্যমে বাজারে আমাদের সুদৃঢ় অবস্থান নিশ্চিত হয়েছে।

পরিচালকমন্ডলীর পক্ষে

(মোঃ খলিলুর রহমান)
চেয়ারম্যান, বাকেশি পরিচালনা পর্ষদ

# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

## বর্তমান পরিচালনা পর্ষদের গঠন

| ক্র: নং | পদবি | পদমর্যাদা |
|---|---|---|
| ১ | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | চেয়ারম্যান |
| ২ | বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ। | সদস্য |
| ৩ | অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | সদস্য |
| ৪ | যুগ্ম সচিব, অর্থ বিভাগ। | সদস্য |
| ৫ | যুগ্ম সচিব, বিদ্যুৎ বিভাগ। | সদস্য |
| ৬ | যুগ্ম সচিব (পরিকল্পনা উইং), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | সদস্য |
| ৭ | ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল। | সদস্য |
| ৮ | কাউন্সিল মেম্বার, আইসিএবি, ঢাকা। | সদস্য |
| ৯ | ব্যবস্থাপনা পরিচালক, বাকেশি, খুলনা। | সদস্য |

## পরিচালনা পর্ষদের গঠন (অর্থ-বছর ২০২১-২০২২)

| ক্র: নং | নাম ও পদবি | পদমর্যাদা |
|---|---|---|
| ১ | (১) জনাব মোঃ আফজাল হোসেন, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।<br>(২) জনাব মোঃ খলিলুর রহমান, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | চেয়ারম্যান |
| ২ | জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি, কমিশনার, খুলনা বিভাগ। | সদস্য |
| ৩ | (১) জনাব মোঃ এখলাছুর রহমান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ।<br>(২) জনাব ফাতেমা রহিম ভীনা, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ। | সদস্য |
| ৪ | (১) জনাব জনাব মোঃ শাহাদাৎ হোসেন, অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।<br>(২) জনাব রাশিদা ফেরদৌস, এনডিসি, যুগ্মসচিব (কোম্পানি), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | সদস্য |
| ৫ | জনাব মোঃ নাসির উদ্দিন তরফদার, যুগ্ম সচিব, বিদ্যুৎ বিভাগ। | সদস্য |
| ৬ | ড. মোঃ রফিকুল মতিন, ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল। | সদস্য |
| ৭ | জনাব মোঃ মুসলেহ উদ্দীন, যুগ্ম-প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | সদস্য |
| ৮ | জনাব সিদ্ধার্থ বড়ুয়া এফসিএ, ভাইস প্রেসিডেন্ট ও কাউন্সিল মেম্বার, আইসিএবি। | সদস্য |
| ৯ | জনাব জগদীশ চন্দ্র মন্ডল, ব্যবস্থাপনা পরিচালক, বাকেশি, খুলনা। | সদস্য |

## পরিচালনা পর্ষদের গঠন (অর্থ-বছর ২০২২-২০২৩)

| ক্র: নং | নাম ও পদবি | পদমর্যাদা |
|---|---|---|
| ১ | জনাব মোঃ খলিলুর রহমান, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | চেয়ারম্যান |
| ২ | (১) জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি, বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।<br>(২) জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী, বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ। | সদস্য |
| ৩ | জনাব রাশিদা ফেরদৌস, এনডিসি, যুগ্মসচিব (কোম্পানি), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | সদস্য |
| ৪ | (১)জনাব ফাতেমা রহিম ভীনা, অতিরিক্তি সচিব, অর্থ বিভাগ।<br>(২) ড. মো: ফেরদৌস আলম, যুগ্ম সচিব (উপ-অর্থনৈতিক উপদেষ্টা), অর্থ বিভাগ। | সদস্য |
| ৫ | জনাব মোঃ নাসির উদ্দিন তরফদার, যুগ্ম সচিব (কোম্পানি এ্যাফেয়ার্স), বিদ্যুৎ বিভাগ। | সদস্য |
| ৬ | ড. মোঃ রফিকুল মতিন, ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল। | সদস্য |
| ৭ | জনাব মোঃ মুসলেহ উদ্দীন, যুগ্ম-প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | সদস্য |
| ৮ | জনাব জনাব সিদ্ধার্থ বড়ুয়া এফসিএ, ভাইস প্রেসিডেন্ট ও কাউন্সিল মেম্বার, আইসিএবি। | সদস্য |
| ৯ | জনাব জগদীশ চন্দ্র মন্ডল, ব্যবস্থাপনা পরিচালক, বাকেশি, খুলনা। | সদস্য |

## Statement and Graphical Presentation of Production for Consecutive Five Years

| Sl. No | Particulars | Unit | Year – 1 | Year – 2 | Year – 3 | Year – 4 | Year – 5 |
|---|---|---|---|---|---|---|---|
| | | | 2017-2018 | 2018-2019 | 2019-2020 | 2020-2021 | 2021-2022 |
| 1. | Copper Cable | CKm | 78,609 | 35,948 | 50,136 | 28,908 | 27,948 |
| | | Km | 4,217 | 1,300 | 1,325 | 796 | 1,764 |
| 2. | OFC | FKm | 1,56,953 | 91,281 | 1,16,011 | 1,79,256 | 1,64,630 |
| | | Km | 6,429 | 5,161 | 6,050 | 6,417 | 9,221 |
| 3. | DUCT | Km | 1,177 | 1,262 | 2,331 | 3,530 | 1,175 |
| 4. | EOC | Km | - | - | - | 23.41 | 571.35 |






























## Statement and Graphical Presentation of Sales for Consecutive Five Years

| Sl. No | Particulars | Year – 1 | Year – 2 | Year – 3 | Year – 4 | Year – 5 |
|---|---|---|---|---|---|---|
| | | 2017-2018 | 2018-2019 | 2019-2020 | 2020-2021 | 2021-2022 |
| 1. | Copper Cable | 1,699.67 | 1,035.63 | 1,065.35 | 1,744.06 | 900.69 |
| 2. | OFC | 5,039.18 | 2,863.53 | 3,998.56 | 3,821.19 | 6,218.77 |
| 3. | DUCT | 647.98 | 1,018.62 | 1,289.74 | 2,213.78 | 1,929.60 |
| 4. | EOC | 0.00 | 0.00 | 0.00 | 165.41 | 1,312.24 |
| | Total :- | 7,386.83 | 4,917.78 | 6,353.75 | 7,944.44 | 10,361.30 |















## Statement and Graphical Presentation of Total Revenue and Expenditure for Consecutive Five Years

(Figure in lac Taka)

| Sl. No | Particulars | Year – 1 2017-2018 | Year – 2 2018-2019 | Year – 3 2019-2020 | Year – 4 2020-2021 | Year – 5 2021-2022 |
|---|---|---|---|---|---|---|
| 1 | Total Revenue | 8,754.12 | 6,351.17 | 8,013.28 | 9,805.88 | 12,290.29 |
| 2 | Total Expenditure | 7,029.79 | 5,074.76 | 6,055.28 | 7,713.16 | 9,711.11 |







## Statement and Graphical Presentation of Gross Profit and Net Profit after Tax for Consecutive Five Years

(Figure in lac Taka)

| Sl. No | Particulars | Year – 1 2017-2018 | Year – 2 2018-2019 | Year – 3 2019-2020 | Year – 4 2020-2021 | Year – 5 2021-2022 |
|---|---|---|---|---|---|---|
| 1 | Gross Profit | 2,391.46 | 1,502.41 | 2,382.56 | 2,417.78 | 3,170.80 |
| 2 | Net Profit After Tax | 1,724.33 | 1,276.41 | 1,958.00 | 2,092.72 | 2,579.18 |






## Performance at A Glance for Consecutive Five Years

(Figure in lac Taka)

| Particulars | Year – 1 2017-2018 | Year – 2 2018-2019 | Year – 3 2019-2020 | Year – 4 2020-2021 | Year – 5 2021-2022 |
|---|---|---|---|---|---|
| Authorised Capital | 20000.00 | 20000.00 | 20000.00 | 20000.00 | 20000.00 |
| Paid up Capital | 802.64 | 4815.86 | 4815.86 | 4815.86 | 4815.86 |
| General Reserve | 10575.70 | 10575.70 | 10575.70 | 10575.70 | 10575.70 |
| Depreciation Fund Accumulated | 5395.84 | 5729.22 | 6271.76 | 6665.13 | 7122.15 |
| Deposit to national exchequer | 2532.75 | 1783.95 | 2571.34 | 2389.50 | 2389.50 |
| Production in CKm- Copper | 78,609 | 35,948 | 50,136 | 28,908 | 27,948 |
| Production in Km- Copper | 4,217 | 1,300 | 1,325 | 796 | 1,764 |
| Production in FKm- OFC | 1,56,953 | 91,281 | 1,16,011 | 1,79,256 | 1,64,629 |
| Production in Km- OFC | 6,429 | 5,161 | 6,050 | 6,417 | 9,221 |
| Production in Km- Duct | 1,177 | 1,262 | 2,331 | 3,531 | 1,175 |
| Production in Km- EOC | - | - | - | 23.41 | 571.35 |
| Sales | 7386.83 | 4917.78 | 6353.65 | 7944.44 | 10361.30 |
| Investment | 27478.87 | 24780.56 | 33465.68 | 33384.43 | 29768.73 |
| Current Assets | 31984.07 | 32814.60 | 42760.27 | 43440.48 | 42988.37 |
| Current Liabilities | 5586.40 | 5654.07 | 14582.94 | 13494.66 | 13688.35 |
| Total Revenue | 8,754.12 | 6,351.17 | 8,013.28 | 9,805.88 | 12,290.29 |
| Total Expenditure | 7,029.79 | 5,074.76 | 6,055.28 | 7,713.16 | 9,711.11 |
| Profit before Tax & WPPF | 2785.46 | 2061.89 | 3045.78 | 3139.08 | 3868.77 |
| Net Profit after Tax | 1,724.33 | 1,276.41 | 1,958.00 | 2,092.72 | 2,579.18 |
| Total Assets | 33369.51 | 34493.25 | 45282.37 | 46147.61 | 45799.51 |

## Nos. of Employees & Officers of Consecutive Five Years

| Sl. No | Particulars | Year – 1 2017-2018 | Year – 2 2018-2019 | Year – 3 2019-2020 | Year – 4 2020-2021 | Year – 5 2021-2022 |
|---|---|---|---|---|---|---|
| 1 | Officers | 29 | 38 | 38 | 37 | 38 |
| 2 | Employees | 174 | 159 | 159 | 157 | 174 |
| 3 | Outsourcing | 64 | 77 | 77 | 77 | 77 |
| | Total | 267 | 274 | 274 | 271 | 289 |

## Capital Expenditure of Consecutive Five Years

(Figure in lac Taka)

| Sl. No. | Particulars | Year – 1 2017-2018 | Year – 2 2018-2019 | Year – 3 2019-2020 | Year – 4 2020-2021 | Year – 5 2021-2022 |
|---|---|---|---|---|---|---|
| 1. | Land and Land Development | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| 2. | Buildings | 430.64 | 22.04 | 194.18 | 58.73 | 300.20 |
| 3. | Plant and Machinery | 273.29 | 489.73 | 1042.58 | 379.07 | 283.01 |
| 4. | Equipment | 1.38 | 19.58 | 85.73 | 13.96 | 45.43 |
| 5. | Furniture and Fixture | 0.88 | 0.34 | 13.46 | 13.45 | 15.05 |
| 6. | Vehicle and Transport | 29.11 | 59.45 | 0.00 | 0.00 | 47.84 |
| 7. | Installation | 49.69 | 35.20 | 0.04 | 21.40 | 5.56 |
| 8. | Sundry Assets | 0.00 | 0.00 | 0.00 | 1.31 | 0.60 |
| 9. | Television | 0.25 | 0.25 | 0.00 | 0.83 | 2.98 |
| | Total: | 785.24 | 626.59 | 1335.99 | 488.75 | 700.67 |

## Investment Position of Consecutive Five Years

(Figure in lac Taka)

| Sl. No | Particulars | Year – 1 2017-2018 | Year – 2 2018-2019 | Year – 3 2019-2020 | Year – 4 2020-2021 | Year – 5 2021-2022 |
|---|---|---|---|---|---|---|
| 1. | Working Capital Fund Investment | 11712.55 | 9454.46 | 15887.03 | 15738.61 | 15240.54 |
| 2. | Depreciation Fund Investment | 1996.28 | 2117.55 | 3671.94 | 3868.93 | 3646.24 |
| 3. | Gratuity Fund Investment | 2925.13 | 2727.76 | 2997.67 | 2878.54 | 0.00 |
| 4. | Reserve Fund Investment | 10693.65 | 10329.51 | 10757.76 | 10747.07 | 10730.68 |
| | Total: | 27327.61 | 24629.28 | 33314.40 | 33233.15 | 29617.46 |
| 5 | Share in Bangladesh Commerce Bank Ltd | 92.70 | 92.70 | 92.70 | 92.70 | 92.70 |
| 6 | Share in ICB Islamic (Oriental) Bank Ltd. | 58.57 | 58.57 | 58.57 | 58.57 | 58.57 |
| | Grand Total Investment | 274,78.88 | 247,80.55 | 334,65.67 | 333,84.42 | 297,68.73 |

## Contribution to National Ex-chequer of Consecutive Five Years

(Figure in lac Taka)

| Sl. No | Particulars | Year – 1 2017-2018 | Year – 2 2018-2019 | Year – 3 2019-2020 | Year – 4 2020-2021 | Year – 5 2021-2022 |
|---|---|---|---|---|---|---|
| 1. | Custom duty, Licence fees, VAT etc. | 806.64 | 947.23 | 1338.86 | 1341.89 | 1457.72 |
| 2. | Income Taxes | 836.03 | 569.98 | 841.69 | 666.73 | 799.75 |
| 3. | VAT at Selling Point | 585.08 | 162.40 | 150.00 | 91.93 | 735.36 |
| 4. | Dividend | 305.00 | 104.34 | 240.79 | 288.95 | 337.11 |
| | Total : | 2,532.75 | 1,783.95 | 2,571.34 | 2,389.50 | 3,329.94 |

# Photo Gallary




ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব ও বাকেশি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ খলিলুর রহমান এর বাকেশিতে আগমণ উপলক্ষ্যে সম্মাননা স্মারক প্রদান।



জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী, বিভাগীয় কমিশনার, খুলনা-কে বাকেশি পরিচালনা পর্ষদ এর পরিচালক হিসেবে ফুলেল শুভেচ্ছা প্রদান।



ড. মোঃ ফেরদৌস আলম, যুগ্মসচিব (উপ-অর্থনৈতিক উপদেষ্টা), অর্থ বিভাগ -কে বাকেশি পরিচালনা পর্ষদ এর পরিচালক হিসেবে ফুলেল শুভেচ্ছা প্রদান।



বাকেশি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ খলিলুর রহমান এর বাকেশির উৎপাদন কার্যক্রম পরিদর্শন।



ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি) লিমিটেড- এর উর্দ্ধতন কর্মকর্তাদের বাকেশির বৈদ্যুতিক পাওয়ার ক্যাবল প্ল্যান্ট পরিদর্শন।



বাকেশি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ খলিলুর রহমান এর সাথে বাকেশি কর্মকর্তাদের মত বিনিময়।

A member of Nexia International
ম্যাবস এন্ড জে পার্টনার্স
MABS & J Partners
Chartered Accountants

# Independent Auditor's Report

## To The Shareholders
## of
## Bangladesh Cable Shilpa Limited

### Report on the Audit of the Financial Statements

#### Opinion

We have audited the financial statements of **Bangladesh Cable Shilpa Limited,** which comprise the statement of financial position as at 30 June 2022, and the statement of profit or loss and other comprehensive income, statement of changes in equity and statement of cash flows for the year then ended, and notes to the financial statements, including a summary of significant accounting policies.

In our opinion, the accompanying financial statements give a true and fair view of the financial position of the Company as at 30 June 2022, and its financial performance and its cash flows for the year then ended in accordance with International Financial Reporting Standards (IFRSs).

#### Basis for Opinion

We conducted our audit in accordance with International Standards on Auditing (ISAs). Our responsibilities under those standards are further described in the Auditor's Responsibilities for the Audit of the Financial Statements section of our report. We are independent of the Company in accordance with the International Ethics Standards Board for Accountants' Code of Ethics for Professional Accountants (IESBA Code), and we have fulfilled our ethical responsibilities in accordance with the IESBA Code and the Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) Bye Laws. We believe that the audit evidence we have obtained is sufficient and appropriate to provide a basis for our opinion.

#### Responsibilities of Management and Those Charged with Governance for the Financial Statements

Management is responsible for the preparation of financial statements that give a true and fair view in accordance with IFRSs, and for such internal control as management determines is necessary to enable the preparation of financial statements that are free from material misstatement, whether due to fraud or error.

In preparing the financial statements, management is responsible for assessing the Company's ability to continue as a going concern, disclosing, as applicable, matters related to going concern and using the going concern basis of accounting unless management either intends to liquidate the Company or to cease operations, or has no realistic alternative but to do so.

Those charged with governance are responsible for overseeing the Company's financial reporting process.

MABS & J Partners Chartered Accountants Dhaka



• Corporate Office : SMC Tower (Level 5 & 7), 33 Banani C/A, Road 17, Dhaka-1213, Bangladesh Phone : +880-2-222275057 & 58, +880-2-222275365 & 66, E-mail : info@mabsj.com, Web : www.mabsj.com
• Motijheel Branch Office : 21 Purana Paltan Line (Level 4), Dhaka-1000, Bangladesh. Phone : +880-2-58315469/58315471, Fax : +880-2-48320936, E-mail: info@mabsj.com, Web : www.mabsj.com
• Chattogram Branch Office : Jahan Building 5 (Level 3), 74 Agrabad C/A, Chattogram-4100, Bangladesh. Phone : +88-01722-156260, E-mail : info@mabsj.com, Web : www.mabsj.com
Member firm of Nexia International, UK

**Auditors' Responsibilities for the Audit of the Financial Statements**

Our objectives are to obtain reasonable assurance about whether the financial statements as a whole are free from material misstatement, whether due to fraud or error, and to issue an auditors' report that includes our opinion. Reasonable assurance is a high level of assurance, but is not a guarantee that an audit conducted in accordance with ISAs will always detect a material misstatement when it exists. Misstatements can arise from fraud or error and are considered material if, individually or in the aggregate, they could reasonably be expected to influence the economic decisions of users taken on the basis of these financial statements.

As part of an audit in accordance with ISAs, we exercise professional judgment and maintain professional skepticism throughout the audit. We also:

- Identify and assess the risks of material misstatement of the financial statements, whether due to fraud or error, design and perform audit procedures responsive to those risks, and obtain audit evidence that is sufficient and appropriate to provide a basis for our opinion. The risk of not detecting a material misstatement resulting from fraud is higher than for one resulting from error, as fraud may involve collusion, forgery, intentional omissions, misrepresentations, or the override of internal control.
- Obtain an understanding of internal control relevant to the audit in order to design audit procedures that are appropriate in the circumstances, but not for the purpose of expressing an opinion on the effectiveness of the Company's internal control.
- Evaluate the appropriateness of accounting policies used and the reasonableness of accounting estimates and related disclosures made by management.
- Conclude on the appropriateness of management's use of the going concern basis of accounting and, based on the audit evidence obtained, whether a material uncertainty exists related to events or conditions that may cast significant doubt on the Company's ability to continue as a going concern. If we conclude that a material uncertainty exists, we are required to draw attention in our auditor's report to the related disclosures in the financial statements or, if such disclosures are inadequate, to modify our opinion. Our conclusions are based on the audit evidence obtained up to the date of our auditor's report. However, future events or conditions may cause the Company to cease to continue as a going concern.
- Evaluate the overall presentation, structure and content of the financial statements, including the disclosures, and whether the financial statements represent the underlying transactions and events in a manner that gives a true and fair view.

We communicate with those charged with governance regarding, among other matters, the planned scope and timing of the audit and significant audit findings, including any significant deficiencies in internal control that we identify during our audit.

MABS & J Partners Chartered Accountants Dhaka

MABS & J Partners
Chartered Accountants

**Report on Other Legal and Regulatory Requirements**

In accordance with the Companies Act 1994, we also report the following:

a) we have obtained all the information and explanation which to the best of our knowledge and belief were necessary for the purpose of our audit and made due verification thereof;

b) in our opinion, proper books of account as required by law have been kept by the Company so far as it appeared from our examination of those books; and

c) the statement of financial position and statement of profit or loss and other comprehensive income dealt with by the report are in agreement with the books of account.

Signed for & on behalf of
**MABS & J Partners**
**Chartered Accountants**

**J C Biswas FCA**
Partner
ICAB Enrollment No. 199
DVC:2212120199AS127584

Place: Dhaka, Bangladesh
Dated: 11 December 2022

A member of Nexia International

3

## Bangladesh Cable Shilpa Limited
### Statement of Financial Position
As at 30 June, 2022

| Particulars | Notes | Amounts in Taka | |
|---|---|---|---|
| | | 30 June 2022 | 30 June 2021 |
| **ASSETS** | | | |
| **Non-current assets** | | | |
| Property, Plant and Equipment | 3 | 281,113,378 | 256,748,861 |
| Work in Process- Construction | 4 | - | 13,964,755 |
| **Current Assets** | | | |
| Inventories | 5 | 577,833,457 | 672,618,255 |
| Accounts Receivable | 6 | 105,335,100 | 71,483,406 |
| Advances, Deposits and Prepayments | 7 | 166,203,893 | 134,541,265 |
| Investment in Share | 8 | 15,127,000 | 15,127,000 |
| Investment in FDR | 9 | 2,961,745,583 | 3,323,315,655 |
| Cash and Cash Equivalents | 10 | 472,592,175 | 126,962,148 |
| | | 4,298,837,208 | 4,344,047,728 |
| **TOTAL ASSETS** | | 4,579,950,586 | 4,614,761,344 |
| **EQUITY & LIABILITIES** | | | |
| **Shareholders' Equity** | | | |
| **Share Capital** | 11 | 481,585,980 | 481,585,980 |
| **Reserve and Surplus** | | | |
| General Reserve | 12 | 1,057,570,298 | 1,057,570,298 |
| Retained Earnings | 13 | 1,671,958,532 | 1,447,751,706 |
| | | 2,729,528,829 | 2,505,322,004 |
| **Shareholders' Equity** | | 3,211,114,809 | 2,986,907,984 |
| **Non Current Liabilities** | | | |
| Employees Gratuity Fund | 14 | - | 278,386,933 |
| | | - | 278,386,933 |
| **Current Liabilities:** | | | |
| Current Accounts with Customers | 15 | 1,098,721,770 | 1,086,199,311 |
| Liabilities for Supplies | 16 | 5,902,974 | 5,865,860 |
| Liabilities for Expenses | 17 | 233,919,031 | 203,053,522 |
| Liabilities for Other finance | 18 | 30,292,002 | 54,347,734 |
| | | 1,368,835,777 | 1,349,466,427 |
| **Total Liabilities** | | 1,368,835,777 | 1,627,853,360 |
| **TOTAL EQUITY & LIABILITIES** | | 4,579,950,586 | 4,614,761,344 |

Annexed Notes 1 to 23 from an intregral part of this Financial Statements.

Secretary — Director — Managing Director

Signed subject to our separate report of even date annexed

Signed for & on behalf of
**MABS & J Partners**
Chartered Accountants

J C Biswas FCA
Partner
ICAB Enrollment No. 199
DVC: 2212120199AS127554

**Place:** Dhaka, Bangladesh
**Dated:** 11 DEC 2022

4

## Bangladesh Cable Shilpa Limited

**Statement of Profit or Loss and Other Comprehensive Income**

**For the Year Ended 30 June, 2022**

| Particulars | Notes | Amounts in Taka | |
|---|---|---|---|
| | | 2021-2022 | 2020-2021 |
| **Turnover** | | | |
| Sale of Copper Cable | | 103,578,935 | 200,566,600 |
| Sale of Optical Fiber Cable | | 715,159,105 | 439,436,669 |
| Sale of Duct | | 221,904,517 | 254,584,945 |
| Sale of EOC | | 150,908,093 | 19,021,898 |
| **Gross Sales** | | **1,191,550,649** | **913,610,111** |
| Less: Value-added tax | | 155,419,650 | 119,166,536 |
| **Net Sales (Annex-4)** | | **1,036,130,999** | **794,443,575** |
| Less: Cost of goods sold | 19 | 719,051,479 | 552,665,300 |
| **Gross Profit** | | **317,079,520** | **241,778,275** |
| Less: Operating Expenses | | | |
| General and Administrative Expenses | 20 | 107,648,702 | 99,303,749 |
| Selling and Distribution Expenses | 21 | 15,452,042 | 14,711,229 |
| **Operating Profit/Loss** | | **193,978,776** | **127,763,297** |
| Add: Non-operating Income | 22 | 192,897,991 | 186,144,696 |
| | | **386,876,767** | **313,907,993** |
| Less: Allocation for Workers' Profit Participation Fund | 2.15 | 18,422,703 | 14,948,000 |
| **Profit before Tax** | | **368,454,064** | **298,959,993** |
| Less: Provision for Tax | 2.9 | 110,536,220 | 89,687,998 |
| **Net Profit after Tax** | | **257,917,844** | **209,271,995** |

Annexed Notes 1 to 23 from an integral part of this Financial Statements.

Secretary | Director | Managing Director

Signed subject to our separate report of even date annexed

Signed for & on behalf of
**MABS & J Partners**
Chartered Accountants

**J C Biswas FCA**
Partner
ICAB Enrollment No. 199
DVC : 2212120199AS127584

**Place: Dhaka, Bangladesh**
Dated: 11 DEC 2022

## Bangladesh Cable Shilpa Limited
### Statement of Cash Flows
### For the year ended 30 June, 2022

| Particulars | Amounts in Taka | |
|---|---|---|
| | 2021-2022 | 2020-2021 |
| **A. Cash flow from operating activities:** | | |
| Cash Received from Customers and others | 1,207,699,756 | 800,741,400 |
| Cash Payment to Suppliers, Employees & other Expenses | (1,133,826,497) | (703,484,145) |
| **Net Cash Flow from/(used in) Operating Activities** | **73,873,258** | **97,257,256** |
| **B. Cash Flow from Investing Activities:** | | |
| Investment in FDR | 361,570,072 | 8,124,868 |
| Acquisition of Property Plant and Equipment | (70,067,039) | (48,875,242) |
| Disposal of Property Plant and Equipment | - | - |
| Work in Process- Construction | 13,964,755 | (13,964,755) |
| **Net Cash Flow from/ (used in) Investing Activities** | **305,467,788** | **(54,715,129)** |
| **C. Cash Flow from Financing Activities:** | | |
| Cash Dividend Paid | (33,711,019) | (28,895,159) |
| **Net cash Flow from/ (used in) Financing Activities** | **(33,711,019)** | **(28,895,159)** |
| **Net Cash and Cash Equivalent (A+B+C)** | **345,630,027** | **13,646,967** |
| Cash and Cash Equivalent at The Beginning of The Year | 126,962,148 | 113,315,181 |
| **Cash and Cash Equivalent at The End of The Year** | **472,592,175** | **126,962,148** |

Annexed Notes 1 to 23 from an integral part of this financial statements.

**Secretary** | **Director** | **Managing Director**

**Place: Dhaka, Bangladesh**
**Dated:** 11 DEC 2022

MABS & J Partners ★ Dhaka ★ Chartered Accountants

# Financial Analysis of the Company

## A. PROFITABILITY MEASURES

| Sl. No | Particulars | Method of Computation | Year 2021-2022 | Year 2020-2021 | Use |
|---|---|---|---|---|---|
| 1. | Ratio of net Sales to Assets. | Net Sales / Average total Assets (excluding long-term investment) | 10361.30 / 45973.56 =0.23 : 1 | 7944.44 / 45714.99 =0.17 : 1 | To assess the effectiveness in the use of assets. |
| 2. | Returned on Stock holder's Equity. | Net income x 100 / Average stock holder's equity | 2579.18 / 30990.11 = 8.32 % | 2092.72 / 28967.20 = 7.22 % | To assess the profitability of the investment by stock holder's. |
| 3. | Returned on total Assets. | Net income + interest exp. x 10 / Average total assets | 2579.18 / 45973.56 = 5.61% | 2092.72 / 45714.99 = 4.58% | To assess the profitability of the assets. |
| 4. | Earnings per Share on common stock. | Net income / Nos of common stock outstand | 257917844 / 48158598 = Tk. 5.36 | 209271995 / 48158598 = Tk. 4.35 | To assess the profitability of the investment by common stock holders. |

## B. SOLVENCY MEASURES

| Sl. No | Particulars | Method of Computation | Year 2021-2022 | Year 2020-2021 | Use |
|---|---|---|---|---|---|
| 1. | Current Ratio. | Current assets / Current liabilities | 42988.37 / 13688.36 =3.14 : 1 | 43440.48 / 13494.66 =3.22 : 1 | To indicate the ability to meet currently maturing obligations. |
| 2. | Acid-Test Ratio. | Quick assets / Current liabilities | 37210.03 / 13688.36 =2.72 : 1 | 36714.29 / 13494.66 =2.72: 1 | To indicate instant debt paying ability. |
| 3. | Inventory Turnover. | Cost of goods sold / Average Inventory | 7190.51 / 5542.66 =1.30 times | 5526.65 / 6323.31 =0.87 times | To assess the efficiency in the management of inventory. |
| 4. | Ratio of stock holder's equity to liabilities. | Total stock holder's equity / Total liabilities | 32111.15 / 13688.36 =2.35 : 1 | 29869.08 / 16278.53 =1.83 : 1 | To indicate the margin of safety for liabilities. |

# CONCLUSION

In the financial year 2021-2022, the production is 27,948 CKM of copper cable, 9,221 KM (1,64,630 FKM) of OFC, 1,175 KM of HDPE Silicon Core Duct and 571.35 KM of EOC. BCSL Management try utmost to explore its market both in home and abroad. The demand of lower fiber sizes Optical Fiber Cable in local market is growing. BCSL management took initiative to expand the OFC production. A new FTTH machine has already been installed and a new secondary coating line machine will be installed soon for increasing the production capacity. At the same time BCSL already complete the construction work of factory shed for installation of super enameled copper wire manufacturing plant and procurement for the machineries is under process as a part of diversification. BCSL Management trying his best to get order from various power companies for the sustainability of the organization.

-End-